


# শব্দের অর্থ

পাল্‌কি - দুদিকে মোটা দণ্ডের উপর আটকানো কাঠের ঘরের মতো দেখতে মানুষে বহন করা যান।
অম্লশূল - অম্লের পরিমাণ বেশি হয়ে গেলে পেটের মধ্যে তীব্র যন্ত্রণা হয়, একে অম্লশূল বলে।
ক্রোশ - দূরত্ব পরিমাপের একক। ৮০০০ হাত বা দুই মাইলের কিছু বেশি।
চরে - নদীর তীরে বা মধ্যে পলিমাটি জমে তৈরি হওয়া স্থলভাগ।
কম্বল - ভেড়ার লোম দিয়ে তৈরি মোটা চাদর।
মধ্যাহ্ন - দিনের মধ্যভাগ, দুপুরবেলা।
অসহ্য - যা সহ্য করা যায় না।
ভল্লুকে - ভালুকে।
উত্থানশক্তি - উঠে দাঁড়াবার শক্তি।
গ্রীষ্মকাল - গরমকাল।
তৃষ্ণা - জল পিপাসা।
ক্যাস্টর অয়েল- সাধারণত জোলাপ হিসেবে এই তেল ব্যবহার করা হয়।
আজ্ঞে - গুরুজন বা সম্মানীয় লোকের ডাকে সাড়া দেওয়ার শব্দ।
হৃৎপিণ্ড - বুকের মধ্যে থাকা স্পন্দনশীল রক্তসঞ্চালনে সহায়ক যন্ত্র।
অট্টহাস্য - খুব জোরে হাসি বা বিকট হাসি।
ডাক্তার - চিকিৎসক।
শ্মশান - মৃতদেহ পোড়ানোর স্থান।
শক্ত - মজবুত।
ডাণ্ডা - মোটা লাঠি।
লণ্ঠন - হ্যারিকেন।
আড়ষ্ট - অসার।
শুশ্রূষা - সেবা।
রশ্মি - কিরণ, প্রভা।

চাকর - বাড়ির কাজের লোক।
অদ্ভুত জোর - খুব শক্তি।
মেরুদণ্ড - শিরদাঁড়া।
পদ্মানদী - গঙ্গানদীর শাখানদী।
গোষ্ঠে - গোয়ালে।
লক্ষে - লাফে।

ইস্‌টেশন-মাস্টার- রেলস্টেশনের প্রধান।
চূর্ণ - চুরমার, গুঁড়ো হয়ে যাওয়া।
আন্দাজ - অনুমান।
স্থূল - মোটা।
বেহারা - পালকি বয়ে নিয়ে যায় যারা।
কম্পিত - কাঁপছে এমন।
ছিন্ন - ছেঁড়া।
কম্পমান - কাঁপছে যা।



# নিজে করো

❖ **নৈর্ব্যক্তিক প্রশ্ন**

**১। সঠিক উত্তরটির পাশে টিকচিহ্ন (✓) বসাও :**

(ক) বিশ্বম্ভরবাবু পালকি চড়ে চলেছেন — পঞ্চগ্রাম ☐ সপ্তগ্রাম ☑ আদিগ্রাম ☐

(খ) শম্ভুর হাতে ছিল — লম্বা লাঠি ☑ বন্দুক ☐ দা ☐

(গ) পদ্মানদীতে একবার একটা কুমির একটা —
ছাগলছানাকে ধরেছিল ☐ কুকুরছানাকে ধরেছিল ☐ বাছুরকে ধরেছিল ☑

Scanned with CamScanner

(ঘ) তিল্পনি খালের ধারে যখন পাল্‌কি এল, তখন রাত — এগারোটা ☐ দশটা ☐ বারোটা ☐

(ঙ) হাত-পা আড়ষ্ট হয়েছিল — শম্ভুর ☐ পল্লুর ☐ বিক্কুর ☐

২। সঠিক শব্দ বসিয়ে নীচের শূন্যস্থানগুলি পূরণ করো :

(ক) .............. .............. শিশি ভেঙে চূর্ণ।

(খ) ডাকাতেরা .............. করে এগিয়ে আসতে লাগল।

(গ) বিশ্বম্ভরবাবু আর শম্ভু দুজনে মিলে তিনজনের .............. করলেন।

(ঘ) বিশ্বম্ভরবাবুর দেহটি ..............।

(ঙ) আর-একবার .............. বিশ্বম্ভরবাবুর সঙ্গে গিয়েছিল ..............।

অতিসংক্ষিপ্ত প্রশ্ন

(ক) কোন্ মাসে বিশ্বম্ভরবাবু সপ্তগ্রাম যাচ্ছিলেন?

(খ) শম্ভু কে?

(গ) সপ্তগ্রাম যাওয়ার পথে কোথায় ডাকাতের ভয় আছে?

(ঘ) বেহারাদের সর্দারের নাম কী ছিল?

(ঙ) কারা উট্টহাস্য করে এগিয়ে আসতে লাগল?

সংক্ষিপ্ত প্রশ্ন

(ক) বিশ্বম্ভরবাবুর গায়ে সেসময় কম্বল থাকার কারণ কী?

(খ) শম্ভুর সাহসিকতার উদাহরণ হিসেবে যে-কোনো একটি ঘটনা উল্লেখ করো।

(গ) বিশ্বম্ভরবাবু কেন সপ্তগ্রামে যাচ্ছেন?

(ঙ) তিল্পনির খালের ধারে কী ঘটনা ঘটেছিল?

রচনাধর্মী প্রশ্ন

(ক) গর্জন করে বললে — "খবর্দার।" — কে, কাদের প্রতি কথাগুলি বলেছিল? তার পরের ঘট...

(খ) 'বেহারা' কাদের বলে? এই গল্পের কয়েকজন বেহারার নাম বলো।

(গ) পদ্মানদীর চরে কী ঘটনা ঘটেছিল? সেখানে কে কে উপস্থিত ছিল?

ব্যাকরণগত প্রশ্ন